| ২০১ | ,, | ০.০৮ |
| ২০৭ | ,, | ০.০৬ |
| ২০৮ | ,, | ০.০৮ |
| ২১২ | ,, | ০.০৫ |
| ২১৩ | ,, | ০.০৫ |
| ২১৫ | ,, | ০.০৫ |
| ২১৬ | ,, | ০.০৫ |
| ২১৭ | ,, | ০.০৫ |
| ২১৮ | ,, | ০.০৫ |
| ২২৩ | ,, | ০.০৫ |
| ২২৪ | ,, | ০.০৪ |
| ২২৬ | ,, | ০.০৩ |
| ২২৭ | ,, | ০.০৪ |
| ২২৮ | ,, | ০.০৩ |
| ২৮২ | ,, | ০.০৪ |

| | | |
|---|---|---|
| ২৮৩ | ,, | ০.০৫ |
| ২৮৫ | ,, | ০.০২ |
| ২৮৬ | ,, | ০.০৭ |
| ২৯০ | ,, | ০.০৬ |
| ২২২ | পূর্ণ | ০.০৮ |
| | | ১.৮৯ একর |

সর্বমোট (০.৪৫ + ২.৫৭ + ০.৮২ + ১.৫০ + ১.৮৯) = ৭.২৩ একর।

জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ মাঘ ১৪১৯/২৮ জানুয়ারি ২০১৩

**নং মশিবিম/শা- সেল/জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ)/৬১**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণের সমন্বয়ে জাতীয় মহিলা সংস্থার নলছিটি উপজেলা কমিটি গঠন করা হলো ঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি গঠনের আইনের উপধারা | ক্যাটাগরী | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | মোর্শেদা বেগম (মঞ্জু), স্বামী মৃত আবদুল বাসেদ লস্কর, পশু হাসপাতাল রোড, নলছিটি বন্দর, ঝালকাঠী। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | চেয়ারম্যান |
| (২) | মিসেস ডালিয়া নাসরিন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, নলছিটি, ঝালকাঠী। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | সদস্য |
| (৩) | জাহানারা বেগম, পিতা মৃত শুকুর আলী, পুরান বাজার রোড, নলছিটি বন্দর, ঝালকাঠী। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | সদস্য |
| (৪) | বনলতা দাস, পিতা মৃত সুধির কুমার দাস, নলছিটি বন্দর, ঝালকাঠী। | ১১(১)(ঘ) | সমাজসেবী | সদস্য |
| (৫) | মিসেস শিরিন আক্তার, শিক্ষিকা, খোজাখালী সরকারি প্রথমিক বিদ্যালয়, নলছিটি, ঝালকাঠী। | ১১(১)(গ) | শিক্ষিকা | সদস্য |

২। উপরে উল্লেখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১ নং ক্রমিকের মোর্শেদা বেগম (মঞ্জু) উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুর্সিয়া কমল**
সিনিয়র সহকারী সচিব।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ফেব্রুয়ারি ২০১৩/১ ফাল্গুন ১৪১৯

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৬.১২-৬১**—জনাব মোঃ শাহাব উদ্দিন, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৩৮), সড়ক ও জনপথ অধিদপ্তরকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-১২-১৯৯৮ তারিখের সম/ননি/১-৮/৯৮-২১১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ১৮তম বিসিএস (সড়ক ও জনপথ) ক্যাডারে নিয়োগ দেয়া হয়। সে প্রেক্ষিতে তিনি সড়ক ও জনপথ অধিদপ্তরে সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে গত ২৫-০১-১৯৯৯ তারিখ যোগদান করেন। অতঃপর সড়ক ও জনপথ অধিদপ্তরে রোড সেফটি বিভাগে সহকারী প্রকৌশলী পদে ০৪-০২-১৯৯৯ তারিখে যোগদান করেন;

যেহেতু, জনাব মোঃ শাহাব উদ্দিন, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৩৮)-এর চাকুরী স্থায়ী না হতেই তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটা স্টেট ইউনিভারসিটিতে ২০০০ সালের জানুয়ারি মাসের Spring Semester-এ Civil Engineering (Ttransportation Engg.) বিষয়ে এম এস কোর্স সম্পন্নের জন্য আবেদন করলে মন্ত্রণালয় হতে ১৩-১২-১৯৯৯ তারিখ আরএইচই/৮পি-১৪/৯৯-৪৫২ সংখ্যক প্রজ্ঞাপনমূলে বি এস আর পার্ট-১, বিধি-১৯৪ এ্যাপেন্ডিক্স-৫ এর শর্ত অনুযায়ী ২০-১২-১৯৯৯ তারিখ হতে ১৯-১২-২০০২ তারিখ পর্যন্ত শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, উক্ত ছুটির মেয়াদ ১৯-১২-২০০২ তারিখে শেষ হয়ে যাওয়ার পরেও বর্ণিত কর্মকর্তা কর্মস্থলে যোগদান না করে ২০-১২-২০০২ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, জনাব মোঃ শাহাব উদ্দিন, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৩৮) নিয়োগ প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-ঘ এর শর্ত অনুযায়ী ২(দুই) বৎসর শিক্ষানবিসকাল সমাপ্ত করেননি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-১২-১৯৯৮ তারিখের সম/ননি/১-৮/৯৮-২১১ সংখ্যক নিয়োগ প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-ঘ এর শর্ত অনুযায়ী সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করার জন্য মহামান্য রাষ্ট্রপতির সম্মতি চাওয়া হয়;

যেহেতু, জনাব মোঃ শাহাব উদ্দিন-কে চাকুরি হতে অপসারন (removal from service)-এর বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মোঃ শাহাব উদ্দিন, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৩৮), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২০-১২-২০০২ থেকে চাকুরি হতে অপসারণ {removal from service) করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

## শিক্ষা মন্ত্রণালয়
## অধিশাখা-৭ (কলেজ-২)

### আদেশ

তারিখ, ৬ ফেব্রুয়ারি ২০১৩

**নং শিম/শাঃ৭/বিভাগীয় মামলা-০৪/২০১২-৫৮(৮)**—যেহেতু, জনাব আব্দুল্লাহ খান, প্রভাষক (ইংরেজি), শ্রীনগর সরকারি কলেজ, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত নারী ও শিশু নির্যাতন দমন আইন/২০০০ এর মামলায় গত ১১-১২-২০১১ তারিখ থেকে ০৭-০১-২০১২ তারিখ পর্যন্ত মোট ২৮ দিন গ্রেফতার অবস্থায় জেল হাজতে ছিলেন;

যেহেতু, তৎপরিপ্রেক্ষিতে জনাব আব্দুল্লাহ খানকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ১১-১২-২০১১ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব আব্দুল্লাহ খান এর বিরুদ্ধে দায়েরকৃত উক্ত নারী ও শিশু নির্যাতন দমন আইন/২০০০ এর মামলায় মাননীয় আদালত কর্তৃক তাকে সম্পূর্ণভাবে অব্যাহতি প্রদান করা হয়;

সেহেতু, জনাব আব্দুল্লাহ খান, প্রভাষক (ইংরেজি), শ্রীনগর সরকারি কলেজ, মুন্সিগঞ্জ এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়

### আদেশ

তারিখ, ১৪ মাঘ ১৪১৯/২৭ জানুয়ারি ২০১৩

**নং ৪১,০৩৬.০০১.০০.০০.০০৬.২০১০/১৭৬**—যেহেতু, আপনি জনাব প্রকাশ কুমার বিশ্বাস, উপজেলা সমাজসেবা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর বিগত ১৯৯৭ সালে উপজেলা সমাজসেবা অফিসার, মাদারীপুর সদর হিসেবে কর্মকালীন আপনার অধীনস্থ জনাব মোঃ মনিরুল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা অফিস, মাদারীপুর সদর কর্তৃক ক্ষুদ্রঋণ তহবিলের ২,৬৪,৬৩৯/- (দুই লক্ষ চৌষট্টি হাজার ছয়শত ঊনচল্লিশ টাকা) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না দিয়ে আত্মসাৎ করেন;

যেহেতু, আপনার অধীনস্থ জনাব মোঃ মনিরুল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী কর্তৃক উক্ত ২,৬৪,৬৩৯/- (দুই লক্ষ চৌষট্টি হাজার ছয়শত উনচল্লিশ টাকা) টাকা আত্মসাৎ করার অভিযোগের ওপর দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর থেকে অনুসন্ধান করে অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে দণ্ড বিধির ৪০৯ ধারা এবং ১৯৭৪ সনের ২ নম্বর দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় ০১(এক)টি মামলা দায়ের করা হয় এবং উক্ত অনুসন্ধানে আপনার তদারকী ও দায়িত্ব পালনে চরম অবহেলার কারণে বর্ণিত কর্মচারী কর্তৃক ২,৬৪,৬৩৯/- (দুই লক্ষ চৌষট্টি হাজার ছয়শত উনচল্লিশ টাকা) টাকা আত্মসাতের বিষয়টি প্রমাণিত হয়;

যেহেতু, আপনার এ ধরনের কর্মকান্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর সামিল গণ্যে আপনাকে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (নম্বর ১৬, তারিখ ৩০-০৫-২০১২) দায়ের করা হয়। অতঃপর আপনার বরাবর 'অভিযোগনামা' ও 'অভিযোগ বিবরণী' প্রেরণ করা হলে আপনি লিখিত জবাব দাখিলসহ ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। যথানিয়মে আপনার ব্যক্তিগত শুনানী গ্রহণ এবং অন্যান্য বক্তব্য ও সংশ্লিষ্ট রেকর্ড পত্র পরীক্ষা করা হয়;

অতএব, আপনি জনাব প্রকাশ কুমার বিশ্বাস, উপজেলা সমাজসেবা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর (প্রাক্তন উপজেলা সমাজসেবা অফিসার, মাদারীপুর সদর) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার নথি সংশ্লিষ্ট কাগজপত্র, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী পর্যালোচনায় দেখা যায় আপনার বিরুদ্ধে দায়িত্ব পালনে 'অদক্ষতার' বিষয়টি প্রমাণিত হয়েছে। এমতাবস্থায়, সার্বিক বিবেচনায় অভিযুক্ত জনাব প্রকাশ কুমার বিশ্বাস, উপজেলা সমাজসেবা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর (সাবেক উপজেলা সমাজসেবা অফিসার, মাদারীপুর সদর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)এ বিধি মোতাবেক 'তিরস্কার' দণ্ডে দণ্ডিত করা হলো এবং বিভাগীয় মামলাটি (মামলা নম্বর ১৬, তারিখ ৩০-০৫-২০১২) নিস্পত্তি করা হলো।

**রণজিৎ কুমার বিশ্বাস** এনডিসি
সচিব।

## শিল্প মন্ত্রণালয়
## বৈদেশিক প্রশিক্ষণ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৫ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৩৬.০০.০০০০.০৫২.১২.০০১.০৩(অংশ)/৫৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ তারিখ ২৭ জানুয়ারী ২০১১ অনুযায়ী ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম

শ্রেণীর কর্মকর্তাদের এবং দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদান বিষয়ে অত্র মন্ত্রণালয় কর্তৃক নির্দেশক্রমে নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/ পরিদপ্তর এর প্রধান।

**সদস্য-সচিব**

(৫) যুগ্ম-সচিব [প্রঃ-১], শিল্প মন্ত্রণালয়।

**নিগার সুলতানা**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৩

**নং স্বঃ মঃ (পু-১)/শৃংখলা-১৬/২০০৭/১৩৬**—যেহেতু, জনাব মোঃ মীজানুর রহমান, উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকায় সংযুক্ত (সাবেক পুলিশ সুপার, বাগেরহাট) এর বিরুদ্ধে (১) অবৈধভাবে বিরোধপূর্ণ জমির সীমানা নির্ধারণ; (২) পুলিশ প্রহরায় বিরোধপূর্ণ জমি ভরাট করে আইল/বাঁধ নির্মাণ, (৩) বিরোধপূর্ণ জমিতে আইল/বাঁধ নির্মাণের কাজে ক্ষমতার অপব্যবহারপূর্বক অধীনস্থ পুলিশ কর্মকর্তা ও কর্মচারিদের ব্যবহার ও (৪) পুলিশ অফিসারগণের স্ত্রীদের নামে সাইন বোর্ড ব্যবহার-এর অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ), ৩(বি), এবং ৩(ডি) বিধি অনুসারে যথাক্রমে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির দায়ে এ মন্ত্রণালয়ের ১৮-০৭-২০১০ তারিখের স্বঃ মঃ (পু-১)/শৃংখলা-১৬/২০০৭/৬৩৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রেরণ করে তাঁকে কারণ দর্শাতে নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় উক্ত বিভাগীয় মামলা তদন্তের জন্য জনাব মোঃ মহসিন হোসেন, ডিআইজি, সিআইডি, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার ০৭-০৫-২০১২ তারিখে মন্ত্রণালয়ে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ), ৩(বি) এবং ৩(ডি) বিধি অনুসারে যথাক্রমে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়; এবং

৩। যেহেতু, এ বিভাগীয় মামলার অভিযোগসমূহ, তদন্তকালে প্রদত্ত সাক্ষীদের সাক্ষ্য, উপস্থাপিত কাগজপত্র, অন্যান্য তথ্যাদি ও পারিপার্শ্বিক অবস্থাসহ সার্বিক বিষয়াদি পর্যালোচনায় দেখা যায় বিভাগীয় সাক্ষীগণ অভিযুক্তের বিরুদ্ধে জবানবন্দীতে বক্তব্য দিতে অনীহা দেখালেও এবং প্রায় ক্ষেত্রেই কিছু না দেখার দাবি করলেও নিরপেক্ষ সাক্ষীদের সাক্ষ্যতে অভিযুক্তের বিরুদ্ধে অকর্মকর্তাসুলভ আচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এ অপরাধের দায়ে অভিযুক্ত কর্মকর্তাকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

৪। সেহেতু, জনাব মোঃ মীজানুর রহমান, উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকায় সংযুক্ত (সাবেক পুলিশ সুপার, বাগেরহাট)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর (২)(এফ) বিধিতে বর্ণিত অসদাচরণের অপরাধে একই বিধির ৪(২)(বি) বিধি অনুযায়ী বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং স্বঃমঃ (পু-১)/ব্যক্তিগত-১৮/২০০৮/১৫২**—যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা এর বিরুদ্ধে ইতোপূর্বে অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে বিভিন্ন ইউনিটে কর্মরত থাকাকালে পুলিশ পরিদর্শকগণের বিরুদ্ধে রুজুকৃত তিনটি বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম ৩ বছরের অধিক সময় মুলতবী রেখে অভিযুক্তগণকে ন্যায় বিচার হতে বঞ্চিত ও হয়রানী করা এবং সাজা ভোগ ছাড়াই অবসর গ্রহণের সুযোগ করে দেয়ার মাধ্যমে পেশাগত শৃংখলার পরিপন্থী ও অসদাচরণ করার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১২-১১-২০০৮ তারিখের স্বঃমঃ(পু-১)/ব্যক্তিগত-১৮/২০০৮/১১৬৫ নম্বর স্মারকে কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু, গত ৩০-০১-২০১৩ তারিখে জনাব মোঃ মনিরুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা এর ব্যক্তিগত শুনানি গ্রহণপূর্বক অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরন, রকম ও সার্বিক পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনা, পরীক্ষা ও বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এ অপরাধের দায়ে তাঁকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

৩। সেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা-কে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) বিধির অসদাচরণের অপরাধে একই বিধিমালার ৭(২)(বি) বিধিমতে ৪(২)(এ) বিধিতে বর্ণিত 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

**আইন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০২.২০১৩-২২০**—শেরপুর জেলার (১) শেরপুর থানার মামলা নং-১১, তারিখ ০৬-০২-২০১২, জিআর নং-৬৪/২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১০/৩০ ধারা {দায়রা জজ আদালত, শেরপুর, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-০২/২০১৩} এবং (২) শেরপুর থানার মামলা নং-২৪, তারিখ ২০-০৯-২০১১, জিআর নং-৪৬৩/২০১১, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১০ ধারায় {দায়রা জজ আদালত, শেরপুর, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-০১/২০১২} মামলা ২টির অপরাধ বিচারার্থে আমলে গ্রহণের জন্য আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৪০(২) এর অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপ-সচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২১ মাঘ ১৪১৯/৩ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৪. ০০. ০০০০. ০৫৫. ১০. ০০১. ২০১২-১৪০**—গত ১৭-১২-১২ তারিখে ডিএমপি'র উত্তরা-পশ্চিম থানার জিডি নং-৯০০ মূলে গ্রেফতারকৃত আসামী (১) মোঃ তাসমীম আলম এবং (২) মোঃ জসীম উদ্দিনদ্বয় রাষ্ট্রের বিরুদ্ধে কতিপয় অপরাধ সংঘটনের ষড়যন্ত্র, রাষ্ট্রের নিন্দা করা, রাষ্ট্রের অভ্যন্তরে আইন-শৃঙ্খলা অবনতিসহ জাতিগত বিভেদ সৃষ্টি ও দাঙ্গা বাধাঁনোর উস্কানি দেয়া, সরকারি কাজে বাঁধাদানসহ পুলিশের উপর আক্রমণ, হত্যা করার চেষ্টা এবং মানবতাবিরোধী যুদ্ধাপরাধীদের বিচারের রায় অকার্যকর করাসহ দেশে অস্থিতিশীল অবস্থা সৃষ্টি করা এছাড়াও বিভিন্ন প্রকার রাষ্ট্রদ্রোহী লিফলেট, বই ও সিডির মাধ্যমে প্রচারণা চালিয়ে বাংলাদেশের নিরাপত্তা, জনশৃংখলা, বিদেশী রাষ্ট্রের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের অবনতি ঘটানোর চেষ্টা করেছে যা পেনাল কোডের ১২১/১২৩-ক/১৫৩/১৫৩-ক/১৫৩-খ/৫০৫-ক ধারার অপরাধ। আসামীদ্বয়ের বিরুদ্ধে বাংলাদেশ দণ্ডবিধি আইনের ১২১/১২৩-ক/১৫৩-ক/৫০৫-ক ধারায় নিয়মিত মামলা রুজুর লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, উত্তরা-পশ্চিম থানা, ডিএমপি, ঢাকা'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৩.২০০৭-১৪১**—গত ১৮-০৪-২০১২ তারিখ মোঃ সুকচাঁদসহ ২০ জন এবং অজ্ঞাত সংখ্যক পুরুষ-মহিলা পশ্চিম বাহির চর দশমাইল মুন্সিপাড়া গ্রামস্থ সাগর মুন্সির বাড়ীর সামনে পাকা রাস্তার উপর মিলিত হয়ে হেজবুত তাওহীদের অন্তরালে ইসলাম ধর্মীয় অনুভূতিতে আঘাত করবার উদ্দেশ্যে স্বেচ্ছাকৃতভাবে বিভিন্ন শব্দাবলী উচ্চারণ করে এবং বিভিন্ন ধরনের অঙ্গভঙ্গি প্রদর্শন করে। ইসলাম ধর্ম অবমাননা করবার উদ্দেশ্যে পশ্চিম বাহিরচর দশমাইল মুন্সিপাড়া গ্রামস্থ বিষু নেতার বাড়ীর পার্শ্বে মসজিদে ক্ষতিসাধন করবার ষড়যন্ত্র করতে থাকে এবং বিভিন্নভাবে ইসলাম ধর্মীয় অনুভূতিতে আঘাত করতে থাকে। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীগণের বিরুদ্ধে বাংলাদেশ দণ্ডবিধি আইনের ২৯৫-ক ধারায় অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় নিয়মিত মামলা রুজুর লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভেড়ামারা থানা, কুষ্টিয়া'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
সিনিয়র সহকারী সচিব।

---

**সীমান্ত শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.১১৮.০৩.০৯৫.২০১৩-৫৪**—বাংলাদেশ কোস্টগার্ডের জন্মলগ্ন হতে শুরু করে ২০১২ সাল পর্যন্ত কোস্টগার্ড সদস্যগণের অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ নিম্নবর্ণিত ১০(দশ) জনকে "বাংলাদেশ কোস্টগার্ড পদক (বিসিজিএম)", ১০(দশ) জনকে "প্রেসিডেন্ট কোস্টগার্ড পদক (পিসিজিএম)", এবং গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃংখলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য ১০ (দশ) জনকে "বাংলাদেশ কোস্টগার্ড পদক (বিসিজিএম)-সেবা", ও ০৯(নয়) জনকে "প্রেসিডেন্ট কোস্টগার্ড পদক (পিসিজিএম)-সেবা" প্রদান করা হলো ঃ

ক। **বাংলাদেশ কোস্ট গার্ড পদক**

| ক্রমিক | পি নং/সঃ সংখ্যা | পদবী ও নাম | পদকের নাম |
|---|---|---|---|
| (১) | ৪০৯ | ক্যাপ্টেন শেখ মোহাম্মদ জাভেদ ইকবাল, (জি), পিএসসি, বিএন | বাংলাদেশ কোস্ট গার্ড পদক |
| (২) | ৬১১ | কমান্ডার এম সাইদুর রহমান, (ট্যাজ), বিএন | বাংলাদেশ কোস্ট গার্ড পদক |

| | | | |
|---|---|---|---|
| (৩) | ১৪৫৪ | লেঃ কমান্ডার এম হাসানুজ্জামান, (এক্স), বিএন | বাংলাদেশ কোস্ট গার্ড পদক |
| (৪) | ২০০৬০৭৮৬ | মোঃ শহিদুল ইসলাম, এসএ-১ | বাংলাদেশ কোস্ট গার্ড পদক |
| (৫) | ২০০৭০১৬৯ | এস এম রেদওয়ান, এবি | বাংলাদেশ কোস্ট গার্ড পদক |
| (৬) | ৯০০৩৪৬ | মরহুম এম এইচ কবির , পিও আরএস (জি) | বাংলাদেশ কোস্ট গার্ড পদক (মরণোত্তর) |
| (৭) | ৯৫০২৪১ | মরহুম এম এ ইসলাম, টপ-১ | বাংলাদেশ কোস্ট গার্ড পদক (মরণোত্তর) |
| (৮) | ৯৭০২৩০ | মরহুম এম মনিরুল ইসলাম, টপ-১ | বাংলাদেশ কোস্ট গার্ড পদক (মরণোত্তর) |
| (৯) | ২০০৭০০২৫ | মরহুম এম রেজাউল করিম, এমই-১ | বাংলাদেশ কোস্ট গার্ড পদক (মরণোত্তর) |
| (১০) | ২০০৭০৫১৯ | মরহুম এম মাঈন উদ্দিন, এবি | বাংলাদেশ কোস্ট গার্ড পদক (মরণোত্তর) |

খ। **প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক**

| ক্রমিক | পি নং/সঃ সংখ্যা | পদবী ও নাম | পদকের নাম |
|---|---|---|---|
| (১) | ৪৬১ | কমান্ডার এম নজরুল ইসলাম মিনা, (জি), পিএসসি, বিএন | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (২) | ৬৩২ | কমান্ডার এম আমিনুল ইসলাম খান, (ট্যাজ), পিএসসি, বিএন | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (৩) | ১০৩৩ | লেঃ কমান্ডার মাসুদুল করিম সিদ্দিকী, (জি) পিএসসি, বিএন | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (৪) | ১১৯১ | লেঃ কমান্ডার আরাফাত ইসলাম, (এক্স), বিএন | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (৫) | ১৪৫০ | লেঃ কমান্ডার এম নজরুল ইসলাম, (এক্স), বিএন | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (৬) | ১৮০৭ | লেঃ মোঃ শামীম খালেক, (এক্স), বিএন | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (৭) | ৯১০৫৬২ | এম ই হক, পিও | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (৮) | ৯১০২১০ | এম এ বি সিদ্দিক, ইআরএ-৪ | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (৯) | ৯৩০২৯৮ | এম টি মোস্তফা, ইএ-৪ | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |
| (১০) | ৯২০১৮৩ | মোঃ টিপু সুলতান, এলএস | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক |

গ। **বাংলাদেশ কোস্ট গার্ড (সেবা) পদক**

| | | | |
|---|---|---|---|
| (১) | ১৬৪ | ক্যাপ্টেন জহির উদ্দিন আহমেদ, (এনডি), এনডিসি, পিএসসি, বিএন (বর্তমান পদবী ভাইস এডমিরাল, নৌবাহিনী প্রধান) | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (২) | ২১৩ | রিয়ার এডমিরাল কে এস হোসেন, (ট্যাজ) (সিডি), এনসিসি, পিএসসি, বিএন | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (৩) | ২৪৮ | কমডোর এম এইচ আর ভূইয়া, (সি), এনডিসি, পিএসসি, বিএন | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (৪) | ৩০৪ | ক্যাপ্টেন এম আমিনুর রহমান খান, (জি), এনসিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (৫) | ৩৯৭ | ক্যাপ্টেন এম আবিদুর রহমান, (এনডি), পিএসসি, বিএন | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (৬) | ১২১৯ | লেঃ কমান্ডার এম এম আর জাহিদ, (এন), বিএন | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (৭) | ১২৩০ | লেঃ কমান্ডার এ এফ এম এ আহসান উদ্দিন, (সি), বিএন | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (৮) | ১৭৩১ | লেঃ কমান্ডার এম মুশফিকুর রহমান, (ই), বিএন | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (৯) | ২০১৮ | সাঃ লেঃ এম ডি এইচ খান, (এসডি), (এল), বিএন | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |
| (১০) | ৯১০০৫৮ | এম এম হক, পিও | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক |

ঘ। **প্রেসিডেন্ট কোস্ট গার্ড (সেবা) পদক**

| | | | |
|---|---|---|---|
| (১) | ৯৭১ | কমান্ডার এস এম শরিফ-উল-ইসলাম, (এন), পিএসসি, বিএন | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |
| (২) | ১০৩০ | লেঃ কমান্ডার এম এম এম হাসান, (ট্যাজ), পিএসসি, বিএন (বর্তমান পদবী কমান্ডার) | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |

| | | | |
|---|---|---|---|
| (৩) | ১০৫৮ | লেঃ কমান্ডার শেখ মোঃ জসিমুজ্জামান,(ট্যাজ), পিএসসি, বিএন (বর্তমান পদবী কমান্ডার) | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |
| (৪) | ১১৮৯ | লেঃ কমান্ডার এম কিবরিয়া হক, (ট্যাজ), বিএন | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |
| (৫) | ৮৫০১৩৯ | এম ও হক, সিপিও | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |
| (৬) | ৯১০০৮৬ | এস এম মাহমুদ, পিও | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |
| (৭) | ৯২০০৯২ | এম জান বক্স, পিও | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |
| (৮) | ৯৯০১১৭ | এম এইচ রশিদ, এলএমই | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |
| (৯) | ২০০৭০১৯৯ | এস আর জামান, এমই-১ | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান মাহমুদ**
সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ৬ পৌষ ১৪১৯/২০ ডিসেম্বর ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৮৯/২০০৪/১১৫১**—যেহেতু ডাঃ মোঃ মঈনুল হক আল মামুন (কোড-৩৭১১২), প্রাক্তন ইমারজেন্সি মেডিকেল অফিসার, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা ০৫-০৯-২০০১ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক ডাঃ মোঃ মঈনুল হক আল মামুন (কোড-৩৭১১২), প্রাক্তন ইমারজেন্সি মেডিকেল অফিসার, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৫-০৯-২০০১ থেকে সরকারি চাকুরি হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৯৬/২০০৫/১১৫২**—যেহেতু ডাঃ মোঃ গোলাম কবীর (কোড-৩১৬৯০), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), কার্ডিয়াক সার্জারী, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা গত ৩১-০৫-২০০৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ গোলাম কবীর (কোড-৩১৬৯০), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃ দাঃ), কার্ডিয়াক সার্জারী, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৩১-০৫-২০০৩ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

আদেশ

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.৩২৪.২০১১-১১৬৬**—যেহেতু ডাঃ ইরাম শাহরিয়ার (৩৮৯৬৫), সহযোগী অধ্যাপক (ফার্মাকোলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৩-১০-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান, ক্রয়কৃত মালামাল কার্যাদেশ অনুযায়ী ও নমুনার সাথে সম্পূর্ণরূপে মিলিয়ে সার্ভে কমিটির সভাপতি ও সদস্যগণ গ্রহণ করে স্টোর অফিসারকে বুঝিয়ে দিয়েছিলেন তা সম্পূর্ণরূপে সংরক্ষণের দায়িত্ব স্টোর অফিসারের উপর ছিল। অপরদিকে ২০১০-২০১১ অর্থ বছরে গ্রহণকৃত মালামালের বিষয়ে ব্যবহারকারীদের কোন অভিযোগ ছিল না এবং উক্ত অর্থ বছরে কোন ব্যবহারকারী নিম্নমানের দ্রব্য বলে ফেরত দেয়নি ও সর্বোপরি তিনি ক্রয় প্রক্রিয়ার সাথে জড়িত ছিলেন না;

এক্ষণে, সেহেতু, ডাঃ ইরাম শাহরিয়ার (৩৮৯৬৫), সহযোগী অধ্যাপক (ফার্মাকোলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকার বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শনো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

আদেশ

তারিখ, ৮ মাঘ ১৪১৯/২১ জানুয়ারি ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.০১.১৫৯.২০১১.৬১**—যেহেতু, ডাঃ কৃষ্ণা কাবেরী দাশ (৪৫৬৯২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্তঃ প্রভাষক, ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম গত ২৩-০১-২০১১ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্তকরতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ কৃষ্ণা কাবেরী দাশ (৪৫৬৯২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্তঃ প্রভাষক, ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৩-০১-২০১১ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

---

**শৃংখলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ২ মাঘ ১৪১৯/১৫ জানুয়ারি ২০১৩

**নং ৪৫.১৫১.০২৭.০১.০০.০০.০০১.২০১০-১১**—যেহেতু, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সাময়িক বরখাস্ত), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা (বর্তমানে সদর পটুয়াখালী) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় ডাঃ মোঃ রফিকুল ইসলাম, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা (বর্তমানে সদর পটুয়াখালী)-কে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান হয়নি;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছি;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ রফিকুল ইসলাম, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা (বর্তমানে সদর পটুয়াখালী)কে আদেশ জারির তারিখ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

---

**পরিকল্পনা অনুবিভাগ**
**স্বাস্থ্য-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জানুয়ারি ২০১৩

**নং স্বাপকম/স্বাস্থ্য-২/ঢাকা শিশু হাসঃ/১৭/২০০৮-০৩**—æExtension of Dhaka Shishu (children) Hospital” শীর্ষক উন্নয়ন প্রকল্পের Project Implementation Committee (PIC) নিম্নোক্তভাবে গঠন করা হলো। কমিটির গঠন ও কার্যপরিধি নিম্নরূপঃ

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| (১) | যুগ্ম প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সভাপতি |
| (২) | সহকারী পরিচালক/উপ-পরিচালক, আইএমই ডিভিশন। | সদস্য |
| (৩) | সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, এসইআই ডিভিশন, পরিকল্পনা কমিশন (স্বাস্থ্য সেক্টর)। | সদস্য |
| (৪) | স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| (৫) | পরিচালক, ঢাকা শিশু হাসপাতাল | সদস্য |
| (৬) | উপ-সচিব (প্রকল্প বাস্তবায়ন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য |
| (৭) | উপ-প্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য |
| (৮) | প্রকল্প পরিচালক | সদস্য |
| (৯) | সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সংশ্লিষ্ট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

(১) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য সার্বিক তত্ত্বাবধান করা।

(২) অনুমোদিত ডিজাইন ও ড্রয়িং অনুযায়ী কাজের মান নিশ্চিত করা।

(৩) প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যাসমূহ সমাধান করা।

(৪) প্রয়োজনে প্রকল্পের কাজের পরিবর্তন/সংযোজনের জন্য সুপারিশ প্রদান করা।

(৫) প্রতি ২ মাসে ১ বার সভা আয়োজন করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিনা ইয়াসমিন**
সহকারী প্রধান।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৬.০৮৫.০১৮.০১.০০.০০৬.২০১১(অংশ-২)-১২৭**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ সবুর খান-কে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধিত্বকারী হিসেবে ঢাকা ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুলতানা ইয়াসমীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ জুন ২০১৩/১৯ জ্যৈষ্ঠ ১৪২০

**নং ১৭.০০.০০০০.০২৫.৫০.০৯৬.০৮.১০৮**—The Representation of the People Order, 1972 (P.O.No. 155 of 1972) এর Chapter VIA এর বিধান অনুযায়ী নির্বাচন কমিশন বাংলাদেশ ১১০/এফ, সড়ক # ২৭, ব্লক-৩, বনানী মডেল টাউন, ঢাকা-১২১৩ এ অবস্থিত বাংলাদেশ মুসলিম লীগ-বিএমএল-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত করিয়াছেন। উক্ত দলের জন্য হাত (পাঞ্জা) প্রতীক বরাদ্দ করা হইয়াছে এবং উহার নিবন্ধন নং ০৪০, তারিখঃ ০২ জুন ২০১৩।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**ড. মোহাম্মদ সাদিক**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২০ জুন ২০১৩

**নং বিচার-৭/২এন-০৫/২০১২-৪৭৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ মাহবুবুল আলম, পিতা মৃত এলাহি বক্স, গ্রাম শ্রীপুর ১নং ওয়ার্ড, ডাকঘর+উপজেলা শ্রীপুর, জেলা গাজীপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার শ্রীপুর পৌরসভার ১নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো ঃ

(১) এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

(২) সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ রবিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**ঊর্ধ্বতন নিয়োগ-১ শাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ১৯ জুন ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.১৩০.১০-৭৬৮**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্য উপ-সচিব জনাব মোঃ মনিরুল ইসলাম (পরিচিতি নম্বর ৩৪৭৪) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সচিব হিসেবে কর্মরত থাকাকালীন গত ৬ জুন ২০১৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার রাত ৯.৩০ ঘটিকায় রাজশাহীতে নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি............. রাজিউন)।

২। মরহুম মোঃ মনিরুল ইসলাম ১০ অক্টোবর ১৯৫৯ খ্রিঃ তারিখ রাজশাহী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে ১৯৮১ সনে বি এস সি (অনার্স) ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি ২১ জানুয়ারি ১৯৮৮ খ্রিঃ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ১০ ফেব্রুয়ারি ২০০৩ তারিখ উপ-সচিব পদে পদোন্নতি পান। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সচিব পদে কর্মরত ছিলেন।

৩। মরহুম মোঃ মনিরুল ইসলাম দীর্ঘ চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, নিষ্ঠাবান ও মিষ্টভাষী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই পুত্রসহ বহু আত্মীয় স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম মোঃ মনিরুল ইসলাম এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৩ আষাঢ় ১৪২০/১৭ জুন ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-১৫১**—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচী অনুসারে ২০ জুন, ২০১৩ তারিখ বৃহস্পতিবার গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার কালীগঞ্জ পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণ উপলক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট পৌরসভা এলাকাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে ভোটের দিন ২০ জুন ২০১৩ খ্রিস্টাব্দ/৬ আষাঢ় ১৪২০ বঙ্গাব্দ তারিখ বৃহস্পতিবার গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার কালীগঞ্জ পৌরসভা এলাকায় সাধারণ ছুটি (সংশ্লিষ্ট পৌরসভা এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।